

ঢাকা: অকাল প্রয়াত বাংলাদেশি লেখক নুমাইর আতিফ চৌধুরীর প্রথম উপন্যাস ‘বাবু বাংলাদেশ’ বইটি প্রকাশ করেছে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রকাশনা প্রতিষ্ঠান ‘হারপার কলিনস’।

">



সংবাদ বিনোদন সারাক্ষণ

(<https://www.banglanews24.com>)

উন্মোচিত হলো নুমাইর আতিফ চৌধুরীর ‘বাবু বাংলাদেশ’

স্টাফ করেসপন্ডেন্ট । বাংলানিউজটোয়েন্টিফোর.কম । আপডেট: ২০১৯-১১-১২ ২:২৩:০৮ এএম



‘বাবু বাংলাদেশ’-এর মোড়ক উন্মোচন। ছবি: বাংলানিউজ

ঢাকা: অকাল প্রয়াত বাংলাদেশি লেখক নুমাইর আতিফ চৌধুরীর প্রথম উপন্যাস ‘বাবু বাংলাদেশ’ বইটি প্রকাশ করেছে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রকাশনা প্রতিষ্ঠান ‘হারপার কলিনস’।

সোমবার (১১ নভেম্বর) প্রয়াত নুমাইর আতিফ চৌধুরী রচিত উপন্যাস ‘বাবু বাংলাদেশ’-এর মোড়ক উন্মোচন ও বইটি নিয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাণিজ্য অনুষদের প্রফেসর ড. মোহাম্মদ হাবিবুল্লাহ কনফারেন্স হলে এ মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব আসাদুজ্জামান নূর, লেখক ও অনুবাদক অধ্যাপক ড. ফখরুল আলম ও লেখক অধ্যাপক ড. রাজিয়া সুলতানা খান। সভাপতিত্ব করেন নুমাইর আতিফ চৌধুরীর মা লুবনা চৌধুরী।

আসাদুজ্জামান নূর বলেন, এ অনুষ্ঠান শুধু বইয়ের প্রকাশনা অনুষ্ঠান নয় বরং শোকের অনুষ্ঠান। বাংলাদেশের এমন একজন সাহিত্যিক যিনি নিজেকে বিশ্ব আঙিনার জন্য প্রস্তুত করে তুলেছিলেন তিনি অকালেই হারিয়ে গেলেন। তার প্রথম গ্রন্থটিই যেভাবে বিশ্ব পাঠকের আগ্রহ সৃষ্টি করেছে তিনি বেঁচে থাকলে আরও ভালো লেখা আমরা পেতে পারতাম।

লুবনা চৌধুরী বলেন, নুমাইর বইটি প্রকাশ করতে রাজি ছিলেন না। অনেকটা জোর করেই আমি বইটি প্রকাশের উদ্যোগ নেই। তিনি কবিতা লিখতেন। কবিতার প্রতিই আগ্রহ ছিল বেশি। কিন্তু বইটি যে প্রকাশিত হলো তা দেখে যেতে পারলেন না।

নুমাইর আতিফ চৌধুরী প্রথম উপন্যাস ‘বাবু বাংলাদেশ’-এর জন্য সম্মানজনক আন্তর্জাতিক পুরস্কার ‘শক্তি ভাট ফার্স্ট বুক প্রাইজ ২০১৯’-এর মনোনয়ন পেয়েছেন। গত ২ সেপ্টেম্বর ভারতভিত্তিক শক্তি ভাট ফাউন্ডেশন ২০১৯ সালের জন্য চূড়ান্ত মনোনয়ন প্রাপ্ত পাঁচটি উপন্যাসের নাম ঘোষণা করে। ভারতীয় উপমহাদেশের লেখকদের সাড়া জাগানো প্রথম উপন্যাস এই পুরস্কারের জন্য মনোনীত হয়।

বাংলাদেশ সময়: ০২১৫ ঘণ্টা, নভেম্বর ১১, ২০১৯

ডিএন/এনটি

Phone: +88 02 8432181, 8432182, IP Phone: +880 9612123131, Newsroom Mobile: +880 1729 076996, 01729 076999 Fax: +88 02 8432346

Email: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) , editor@banglanews24.com (mailto:editor@banglanews24.com)

Marketing Department: 01722 241066 , E-mail: marketing@banglanews24.com (mailto:marketing@banglanews24.com)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম (https://www.banglanews24.com)

কপিরাইট © 2019-11-12 17:40:46 | একটি ইডব্লিউএমজিএল প্রতিষ্ঠান